

## আঁড়াল

কাজী জহিরুল ইসলাম

মানুষের কাছ থেকে শিখেছিলো কুকুর  
নাকি কুকুরের কাছ থেকে মানুষ শিখেছে  
'আঁড়াল'

মুতিবার জন্য চাই অবজেক্ট  
দেয়াল অথবা নারকেলের গোড়া  
অথবা লাইটপোস্ট অথবা বটগাছ  
অথবা ডাস্টবিন অথবা ভাঙা দালান  
অথবা পাটশ্কেত অথবা পিলার

মানুষ ও কুকুর সহবাস দীর্ঘ দীর্ঘ অতীত  
গ্রীষ্ম বর্ষা শরৎ ও শীত  
দিন মাস বছর যুগ শতাব্দী সহস্রাব্দ  
পস্তুর তাম্র অন্ধকার যুগেরও প্রাচীন

মুতিবার জন্য উপযুক্ত আঁড়াল খুঁজিতেছে কুকুর  
মুতিবার জন্য উপযুক্ত আঁড়াল খুঁজিতেছে মানুষ

২.

উহাদের মূত চেপেছিলো খুব  
চারজন তাশবয় নারকেল বাগানের ভিতর  
মুতিবার জন্য উপযুক্ত আঁড়াল কই, এইখানে  
অদূরে একটি গোয়েন্দা কুকুর, সন্দিহান চোখ  
চারজন চারদিকে ছোটে

সকলেই খুঁজে পায় ডাঁয়া পিপড়ার বাসা  
নারকেলের গোড়া

অদূরে একটি কুকুর তুলিতেছে ঠ্যাং....

২১ আগস্ট, ২০০৫  
গ্র্যান্ড বাসাম, আবিদজান